

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা ।

বাংলাদেশ ব্যাংক ওয়েব সাইট : www.bb.org.bd

কার্তিক ১৪, ১৪১৮

তারিখ :-----

নভেম্বর ০২, ২০১১

এফ,ই সার্কুলার নং- ২০

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার ।

প্রিয় মহোদয়,

বন্ধুশিল্প সংশ্লিষ্ট মিলসমূহের জন্য বিশেষ নগদ সহায়তা প্রদান প্রসংগে ।

বন্ধুখাতে নগদ সহায়তা পরিশোধের বিষয়ে জারিকৃত এফই সার্কুলার নং ০৯, তারিখ মার্চ ০৫, ২০০১ এর প্রতি
আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে । আলোচ্য সার্কুলার অনুযায়ী সুতা, বন্ধ এবং তৈরী পোশাক/বন্ধজাত সামগ্ৰী উৎপাদনকারী
তিনি পক্ষের যে কোন এক পক্ষ সংশ্লিষ্ট রপ্তানির বিপরীতে নগদ সহায়তা পাবে মর্মে নির্দেশনা জ্ঞাপিত রয়েছে ।

০২। সরকার কর্তৃক এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, বন্ধুখাতের বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন
(বিটিএমএ) এর সদস্য স্প্লিনিং/উইভিং/ডাইং-ফিনিশিং সংশ্লিষ্ট মিলসমূহ কেবল চলতি ২০১১-২০১২ অর্থ বছরের রপ্তানি/
স্থানীয় সরবরাহের বিপরীতে বন্ধুখাতের বিদ্যমান নগদ সহায়তা/প্রগোদনা সুবিধার অতিরিক্ত ৫% (পাঁচ শতাংশ) হারে বিশেষ
নগদ সহায়তা পাবে । আলোচ্য সহায়তা প্রাপ্তির ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশাবলী নিম্নরূপ :

(ক) বন্ধুশিল্পের স্প্লিনিং/উইভিং/ডাইং-ফিনিশিং সংশ্লিষ্ট বিটিএমএ এর মিলসমূহের মধ্যে যে সকল মিল আগস্ট, ২০১০
হতে মার্চ, ২০১১ সময়ে উচ্চ মূল্যে তুলা আমদানি করেছে কেবলমাত্র সে সকল মিলসমূহ আলোচ্য সহায়তার আওতাভুক্ত
হবে ।

(খ) উপরোক্ত আমদানি সময়কালের পূর্ববর্তী ছয় মাসের তুলা আমদানির গড় মূল্য বিবেচনায় উচ্চ মূল্যে তুলা
আমদানি বিষয়ে বিশেষ নগদ সহায়তার আবেদনকারী কর্তৃক আবেদনপত্রের সাথে সংযোজনী — ‘ক’ মোতাবেক বিবরণী দাখিল
করতে হবে, যা পরীক্ষাতে অনুমোদিত ডিলার ব্যাংক শাখাকে উচ্চমূল্যে আমদানি সম্পর্কে নিশ্চিত হতে হবে ।

(গ) আলোচ্য সুবিধা প্রাপ্তির ঘোষ্য আবেদনকারী এফই সার্কুলার নং ৯/২০০১ এর সাথে সংযুক্ত প্রযোজ্য আবেদন
ফরমে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ আবেদনপত্র দাখিল করতে পারবে । তবে দাখিলকৃত আবেদনপত্র বিবেচনার ক্ষেত্রে সংশ্লিষ্ট
রপ্তানির বিপরীতে বিদ্যমান নগদ সহায়তার প্রাপকপক্ষ সংশ্লিষ্ট কোন দলিলাদির আবশ্যিকতা হলে অনুমোদিত ডিলার ব্যাংক
শাখা বিদ্যমান নগদ সহায়তার প্রাপকপক্ষের ব্যাংক শাখা হতে ঐ সকল কাগজপত্রাদির প্রত্যয়িত কপি সংগ্রহপূর্বক দাখিলকৃত
আবেদনপত্রের পুর্ণাঙ্গতা আনয়ণ করবে ।

(ঘ) এফই সার্কুলার নং ০৯/২০০১ এর নির্দেশনা অনুযায়ী আলোচ্য সুবিধার আবেদনপত্র দাখিলের জন্য ইতিমধ্যে
নির্দেশিত সময়সীমা অতিবাহিত হয়েছে সে সকল ক্ষেত্রে অত্র সার্কুলার জারির তারিখের ৬০ (ষাট) দিনের মধ্যে দাখিলকৃত
আবেদনপত্র বিবেচনাযোগ্য হবে ।

(ঙ) বন্ধ শিল্পের জন্য সরকার প্রদত্ত এ বিশেষ সুবিধা ইতেগুরে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এফ,ই সার্কুলার
নং ১৭, তারিখ সেপ্টেম্বর ১৮, ২০১১ এর অতিরিক্ত সুবিধা হিসেবে গণ্য হবে ।

এতদ্ব্যতীত বন্ধুখাতে নগদ সহায়তা পরিশোধের বিষয়ে এফই সার্কুলার নং ০৯/২০০১ এবং পরবর্তীতে জারিকৃত
প্রযোজ্য সকল এফই সার্কুলার/সার্কুলার পত্রের শর্তাবলী অপরিবর্তিত থাকবে ।

সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদ্ব্যতীত অবহিতকরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে ।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জহিরুল হক)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৩৭৫

সংযোজনী — ক

আগস্ট, ২০১০ হতে মার্চ, ২০১১ সময়ের আমদানি তথ্য							ফেব্রুয়ারী, ২০১০ হতে জুলাই, ২০১০ সময়ের আমদানি তথ্য							ইউনিট প্রতি উচ্চ মূল্য*	মেট উচ্চ মূল্য*
ক্রমিক নং	আমদানি খণ্ডপত্র নং	তারিখ	পণ্য দেশে প্রবিষ্ট হওয়ার তারিখ	পণ্যের পরিমাণ	আমদানি মূল্য	ইউনিট প্রতি মূল্য	আমদানি খণ্ডপত্র নং	তারিখ	পণ্য দেশে প্রবিষ্ট হওয়ার তারিখ	পণ্যের পরিমাণ	আমদানি মূল্য	ইউনিট প্রতি মূল্য			
১	২	৩	৪	৫	৬	৭ = ৬/৫	৮	৯	১০	১১	১২	১৩ = ১২/১১	১৪ = ৭-১৩	১৫ = ৫*১৪	
মেট															

* ১৪ ও ১৫ নং কলামের তথ্য শুধুমাত্র মেট সারিতে (কলামে) প্রদর্শণ করতে হবে।

আবেদনকারীর প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারী/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর/নাম ও পদবী